গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী
www.syedpur.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৮৫.০০০.০৪.০০৮.২৪-১৭৪ তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:

বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্ত এবং ক্যালেন্ডার অনুযায়ী সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের সিডিউলসমূহ নিম্নোক্ত ক্যালেন্ডারে উল্লিখিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সৈয়দপুর/ উপজেলা ভূমি অফিস, সৈয়দপুর/ সৈয়দপুর থানা/ সোনালী ব্যাংক পিএলসি, সৈয়দপুর শাখা, নীলফামারী হতে নির্ধারিত (ক্যালেন্ডারে) মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহকরতঃ নির্ধারিত (ক্যালেন্ডারে) তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সৈয়দপুর/ উপজেলা ভূমি অফিস, সৈয়দপুরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

হাট-বাজারসমূহের বিবরণ

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য (টাকা) | সিডিউলের মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | কামারপুকুর হাট | কামারপুকুর | ১২,৯৭৭/৯৩ | ৫০০/= |
| ০২ | হাজারী হাট | কাশিরাম বেলপুকুর | ৭২,৩১০/৭৩ | ৫০০/= |
| ০৩ | চওড়া হাট | ঐ | ১,১৪,৬৮৪/৯৩ | ১,০০০/= |
| ০৪ | সিপাইগঞ্জ হাট | ঐ | ১৪,৪৮৬/৬৭ | ৫০০/= |
| ০৫ | পোড়ার হাট | বোতলাগাড়ী | ৫৫,৩৮১/৪৭ | ৫০০/= |

দরপত্র দাখিলের ক্যালেন্ডার

| বিবরণ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ০৩/০৩/২০২৪ খ্রিঃ | ০৪/০৩/২০২৪ খ্রিঃ বেলা ১.০০টা পর্যন্ত | ০৪/০৩/২০২৪ খ্রিঃ বিকাল ৩.৩০ টা | উল্লিখিত তারিখ অনুযায়ী ১ম বার যদি কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হয়, তাহলে ২য় বার উক্ত হাট-বাজারের নাম ইজারা সংক্রান্ত তফসিল হতে বাদ যাবে। এভাবে ৩য় বার পর্যন্ত দরপত্র গ্রহণ কার্যক্রম চলবে। |
| ২য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৩/০৩/২০২৪ খ্রিঃ | ১৪/০৩/২০২৪ খ্রিঃ বেলা ১.০০টা পর্যন্ত | ১৪/০৩/২০২৪ খ্রিঃ বিকাল ৩.৩০ টা | |
| ৩য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ২৭/০৩/২০২৪ খ্রিঃ | ২৮/০৩/২০২৪ খ্রিঃ বেলা ১.০০টা পর্যন্ত | ২৮/০৩/২০২৪ খ্রিঃ বিকাল ৩.৩০ টা | |

হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩১ সনের ৩০শে চৈত্র ১(এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা হাট-বাজার নিজ খরচে নিয়মিত পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধনকরলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

চলমান পাতা-০২

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্ক্ষিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮/০২/২০২৪
(মুহাম্মদ ইসমাঈল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি
সৈয়দপুর, নীলফামারী
☎০২৫৮৯৯৫৮৯০১
ইমেইল-unosyedpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী
www.syedpur.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৮৫.০০০.০৪.০০৮.২৪-১৭৪(১০০)

তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ, নীলফামারী।

০৭। মেয়র, সৈয়দপুর পৌরসভা, নীলফামারী।

০৮। সহকারী কমিশনার (ভূমি), সৈয়দপুর/নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ, নীলফামারী।

০৯। অফিসার ইনচার্জ, সৈয়দপুর/নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ থানা, নীলফামারী।

১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর, নীলফামারী (এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১। সাব-রেজিস্ট্রার, সৈয়দপুর/নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ, নীলফামারী।

১২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, সৈয়দপুর শাখা/ অগ্রণী ব্যাংক পিএলসি, সৈয়দপুর ক্যান্টনমেন্ট শাখা, নীলফামারী।

১৩। চেয়ারম্যান, কামারপুকুর/কাশিরাম বেলপুকুর/বাঙ্গালীপুর/বোতলাগাড়ী/খাতামধুপুর ইউপি, সৈয়দপুর, নীলফামারী। তাকে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৪। পৌর/ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর ভূমি অফিস/কামারপুকুর/কাশিরাম বেলপুকুর/বাঙ্গালীপুর/বোতলাগাড়ী/খাতামধুপুর ইউনিয়ন ভূমি অফিস, সৈয়দপুর, নীলফামারী। তাকে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৫। সম্পাদক, দৈনিক আলাপন, সৈয়দপুর, নীলফামারী। তাঁকে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৬। জনাব ..............................................................................................................

১৭। নোটিশ বোর্ড/অফিস কপি।

০৮/০২/২০২৪
(মুহাম্মদ ইসমাঈল)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী
☎০৫৫২৬-৭২২৮৬
ইমেইল-unosyedpur@mopa.gov.bd